- অভিযোগকারী প্রয়োজনে নাম প্রকাশ না করেও অভিযোগ করতে পারেন। তবে এক্ষেত্রে অভিযোগটি যাচাই-বাছাই করে গ্রহণ করা হবে
- ই-মেইল অথবা হেলপ লাইন, টেলিফোন, মোবাইল ফোন অথবা এসএমএস-এর মাধ্যমেও এসএইচআরসি বরাবর অভিযোগ দাখিল করা যাবে
- মাঠপর্যায়ের জেন্ডার ফোকাল পারসন, জেলা ব্র্যাক প্রতিনিধি (ডিবিআর), স্থানীয় কর্মসূচির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, একজন জ্যেষ্ঠ নারীকর্মী, এবং স্থানীয় অন্যান্য কর্মসূচি ও ব্র্যাক লার্নিং সেন্টার (বিএলসি)-এর একজন করে দুইজন জ্যেষ্ঠ কর্মী নিয়ে মাঠ পর্যায়ের যৌন হয়রানি নির্মূলকরণ টিম (Sexual Harassment Redressal Team-SHRT) গঠিত হবে
- মাঠ পর্যায়ের যৌন হয়রানি নির্মূলকরণ টিম এসএইচআরসি তথ্যানুসন্ধান দলকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। ভুক্তভোগী ও সাক্ষীর নিরাপত্তা নিশ্চিত করবে এবং সুষ্ঠু কর্মপরিবেশ বজায় রাখতে সচেষ্ট থাকবে।
- এসএইচআরসি-র কাছে অভিযোগ দাখিলের পর সংশ্লিষ্ট কর্মসূচি বা বিভাগ ঘটনাটি নিয়ে কোন রকম প্রভাব সৃষ্টি করা থেকে অবশ্যই বিরত থাকবে
- তথ্যানুসন্ধান প্রক্রিয়া চলাকালীন সংশ্লিষ্ট অভিযোগকারীর বিরুদ্ধে কোন ধরনের পালটা অভিযোগ গ্রহণযোগ্য হবে না
- সুষ্ঠু কর্মপরিবেশ বজায় রাখার স্বার্থে অভিযোগকারী কিংবা অভিযুক্ত যে কোন ব্যক্তিকে ভিন্ন এলাকায় অস্থায়ীভাবে বদলি করতে হবে

ব্র্যাকের বিভিন্ন পর্যায়ের ব্যবস্থাপকের দায়িত্ব

- ‘যৌন হয়রানি নির্মূলকরণ নীতিমালা’ বিতরণ ও ওরিয়েন্টেশন নিশ্চিত করা এবং ‘শূন্য সহিষ্ণুতা’ (জিরো টলারেন্স) নীতি সম্পর্কে সবাইকে জানানো
- অবাধ ও নিরপেক্ষ তথ্যানুসন্ধানকারী দলকে সহায়তা ও প্রয়োজনে অভিযুক্ত ব্যক্তিকে সাময়িকভাবে অব্যাহতি বা বদলি করা
- অভিযোগকারী, প্রত্যক্ষদর্শী ও সাক্ষীদের নিরাপত্তা নিশ্চিত করা, গোপনীয়তা রক্ষা করা এবং কোন রকম সমালোচনা ও অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি রোধ করা

উদ্দেশ্যমূলকভাবে কারও বিরুদ্ধে অভিযোগ আনা যাবে না এবং যৌন হয়রানির কোন অভিযোগ উদ্দেশ্যমূলকভাবে ব্যবহার করা শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য হবে।

পূর্ণাঙ্গ নীতিমালার জন্য লগ ইন করুন: **www.brac.net**

হেল্পলাইন: ০১৭২৯০৭১৫৪৬ (অফিস চলাকালীন)

অভিযোগ পাঠানোর ঠিকানা:
প্রধান, যৌন হয়রানি প্রতিকার কমিটি ও কর্মসূচি প্রধান মানবাধিকার ও আইন সহায়তা কর্মসূচি
ব্র্যাক সেন্টার, ৭৫ মহাখালী, ঢাকা ১২১২
ইমেইল: **complaint.shrc@brac.net**

যে কোন তথ্যের জন্য যোগাযোগ করুন:
ফোন: ৯৮৮১২৬৫ **Ext.** ৫৪৫৫, ৫৪৫৬, ৫৪৫৭

জেন্ডার জাস্টিস অ্যান্ড ডাইভারসিটি কর্মসূচি

brac

যৌন হয়রানি নির্মূলকরণ নীতিমালা ও কার্যপ্রণালি

যৌন হয়রানির সংজ্ঞা ও প্রভাব

যৌনতাকে উদ্দেশ্য করে যে কোন ধরনের অবাঞ্ছিত আকাঙ্ক্ষা, আহ্বান এবং মৌখিক বা শারীরিক আচরণই যৌন হয়রানি।

- এ ধরনের আচরণে সম্মতি দেওয়া বা প্রত্যাখান করা একজন ব্যক্তির চাকরির ক্ষেত্রে সিদ্ধান্তকে প্রভাবিত করে
- এ ধরনের আচরণ ভীতিপূর্ণ ও প্রতিকূল কর্মপরিবেশ তৈরির মাধ্যমে একজন ব্যক্তির কর্মদক্ষতার উপর নেতিবাচক প্রভাব ফেলে
- এ ধরনের আচরণ একজন ব্যক্তির কর্মদক্ষতার উপর নেতিবাচক প্রভাব ফেলে যা প্রতিকূল কর্মপরিবেশ তৈরি করে
- যৌন হয়রানির কারণে ভুক্তভোগীরা নিজেকে অবাঞ্ছিত মনে করে, কেননা এ ধরনের আচরণ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে মেনে নেওয়া তার চাকরির শর্ত হিসেবে বিবেচিত হয়
- যৌন হয়রানির মাধ্যমে শারীরিক ও মানসিক উভয় প্রকার আধিপত্য প্রতিষ্ঠা করা হয় এবং ভুক্তভোগীরা সাধারণত ক্ষমতাবানদের দ্বারা নিগৃহীত হয়।
- এর মাধ্যমে আক্রান্ত ব্যক্তি অপমানিত ও আতঙ্কিত থাকে। উর্ধ্বতনরা প্রায়ই তাদের চেয়ে কম ক্ষমতাবান ও অধ্বস্তনদের হয়রানি করে। এর ফলে অধস্তনরা উদ্বিগ্ন থাকে এবং প্রতিবাদ করতে ব্যর্থ হয়। এতে সামগ্রিক কাজের পরিবেশ অপ্রীতিকর হয়ে ওঠে। যৌন হয়রানি যে কোন মানুষের ক্ষেত্রেই ঘটতে পারে এবং এটা সব সময়ই অগ্রহণযোগ্য।

হয়রানিমূলক আচরণ অশালীন অঙ্গভঙ্গি, ইঙ্গিত, লঘু কৌতুক, ঠাট্টা বা উপহাস করা থেকে শুরু করে নারীর মতামতকে মূল্যায়ন না করা পর্যন্ত বিস্তৃত হতে পারে। যৌন হয়রানিমূলক আচরণ ধর্ষণের চেষ্টা বা ধর্ষণ পর্যন্ত গড়াতে পারে।

যৌন হয়রানি হিসেবে গণ্য আচরণসমূহ

মৌখিক

- কাউকে হেয় প্রতিপন্ন করে বিভিন্ন নামে ডাকা
- কাউকে উদ্দেশ করে শিস্ বাজানো
- কারও শরীর নিয়ে যৌনতামূলক মন্তব্য করা
- যৌনতাকে উদ্দেশ্য করে কোন মন্তব্য করা
- কাজের আলোচনাকে যৌনতায় রূপ দেওয়া
- যৌনতাবিষয়ক কৌতুক বা গল্প বলা
- যৌনতা বিষয়ক কল্পনা, আসক্তি বা ইতিহাস সম্পর্কে আগ্রহ প্রকাশ করা
- সামাজিক বা যৌন জীবন সম্পর্কিত ব্যক্তিগত প্রশ্ন জানতে চাওয়া
- চুম্বনের শব্দ করা
- ব্যক্তির পোশাক, শারীরিক গঠন বা সৌন্দর্য সম্পর্কে যৌন মন্তব্য করা
- অনাগ্রহী ব্যক্তির প্রতি প্রতিনিয়ত আগ্রহ দেখানো
- কারও ব্যক্তিগত জীবন নিয়ে মিথ্যে রটনা বা গুজব রটানো
- যৌন সুযোগ লাভের জন্য আবেদন বা দাবি করা
- মেয়েদের গাইনিসংক্রান্ত বিষয়ে যে কোন ধরনের অযাচিত ও অনাকাঙ্ক্ষিত উপদেশ এবং আলোচনা করা
- প্রেম নিবেদন বা বিয়ের প্রস্তাব করে প্রত্যাখ্যাত হয়ে হুমকি দেওয়া বা চাপ প্রয়োগ করা
- যৌন ইঙ্গিতমূলক কোন কথা চিঠি, টেলিফোন, মোবাইল, এসএমএস, এমএমএস, ই-মেইল, ছবি, নোটিস, কার্টুন বেঞ্চ, চেয়ার-টেবিল, নোটিস বোর্ড, অফিস, ফ্যাক্টরি, শ্রেণিকক্ষ, বাথরুমের দেয়ালে লেখা বা প্রদর্শন করা

শারীরিক

- কারও পোশাক, শরীর বা চুল স্পর্শ করা
- জড়িয়ে ধরা, চুম্বন করা বা খোঁচা দেওয়া
- উদ্দেশ্যমূলকভাবে শারীরিক স্পর্শের চেষ্টা
- অনাকাঙ্ক্ষিতভাবে আরেকজনের সঙ্গে ঘনিষ্ঠ হওয়ার চেষ্টা

অন্যান্য

- কোন ব্যক্তিকে আপাদমস্তক নিরীক্ষণ করা
- অপলক তাকিয়ে থাকা
- ইচ্ছাকৃতভাবে পথ রোধ করা
- অনুসরণ করা
- ব্যক্তিগত উপহার দেওয়া
- যৌনতামূলক দৃশ্য দেখানো
- পর্নোগ্রাফি দেখানো বা প্রচার করা
- হাত বা শারীরিক অঙ্গভঙ্গির মাধ্যমে যৌনতার প্রকাশ ঘটানো
- মুখের অভিব্যক্তির মাধ্যমে যৌনতা প্রকাশ করা
- ব্ল্যাকমেইল অথবা চরিত্র হননের উদ্দেশ্যে যে কোন ধরনের স্থির বা চলমান চিত্র ধারণ ও প্রচার করা
- প্রাতিষ্ঠানিক এবং পেশাগত ক্ষমতা ব্যবহার করে কোন কর্মীর সঙ্গে যৌন সম্পর্ক স্থাপনের চেষ্টা, কোন কর্মীর সম্মানী, নিয়োগ, চাকরির উন্নতি, কেরিয়ারের ক্ষতিসাধন, নিয়ন্ত্রণ ও প্রভাবিত করার উদ্দেশ্যে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যৌন আচরণমূলক ব্যবহার/ভীতি/ঘনিষ্ঠতা/উদারতা প্রদর্শন করা;
- যৌন নিপীড়ন বা হয়রানির মাধ্যমে খেলাধুলা, সাংস্কৃতিক, প্রাতিষ্ঠানিক এবং শিক্ষাগত কার্যক্রমে অংশগ্রহণ থেকে বিরত থাকতে বাধ্য করা
- ধর্ষণ বা ধর্ষণের চেষ্টা যৌন হয়রানি নয়, বরং যৌন নির্যাতন যা শাস্তিযোগ্য অপরাধ। যৌন হয়রানির ঘটনা যা ধর্ষণ বা ধর্ষণের চেষ্টা পর্যন্ত গড়ায়, তাকে যৌন নির্যাতন হিসেবে 'যৌন হয়রানি নির্মূলকরণ নীতিমালায়' উল্লেখ করা হয়েছে।
- ১৮ বছরের নিচে কোনো ছেলে বা মেয়ের সঙ্গে যৌনতামূলক কাজে যুক্ত হওয়া বা যৌন আগ্রহ প্রকাশ করাও যৌন হয়রানি হিসেবে গণ্য হয় যা আইনে শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচিত।

এই নীতিমালা যাদের জন্য প্রযোজ্য

২.৮.১ যদি কোন ব্র্যাককর্মী আরেকজন ব্র্যাককর্মী দ্বারা হয়রানি বা নির্যাতনের শিকার হন

২.৮.২ যদি কোন ব্র্যাককর্মী ব্র্যাকের কোন কর্মসূচির সঙ্গে সম্পৃক্ত কাউকে যৌন হয়রানি করেন

২.৮.৩ যদি অংশীদার সংস্থার কেউ ব্র্যাককর্মী দ্বারা যৌন হয়রানি বা নির্যাতনের শিকার হন

২.৮.৪ যদি অংশীদার সংস্থার কেউ ব্র্যাকের কোন কর্মীকে যৌন হয়রানি বা নির্যাতন করেন, তবে সংস্থা এক্ষেত্রে প্রতিকারমূলক ব্যবস্থা নিশ্চিত করবে

২.৮.৫ ব্র্যাকের কোন তত্ত্বাবধায়ক বা কর্মী যদি জেনেশুনে যৌন হয়রানির পক্ষে পরিবেশ তৈরিতে সহায়তা করেন

যৌন হয়রানির অভিযোগ উপস্থাপনের প্রক্রিয়া

- ভুক্তভোগী নিজে, ঘটনার প্রত্যক্ষদর্শী অন্য যে কেউ বা পরিবারের সদস্য বা আইনজীবীর মাধ্যমে লিখিত অভিযোগ জানাতে পারেন
- ঘটনা সংঘটিত হওয়ার ৩০ দিনের মধ্যে যে কোন কর্মী এসএইচআরসি বরাবর অভিযোগ দাখিল করতে পারেন, অভিযোগ দাখিলের জন্য লাইন ম্যানেজমেন্টের অনুমোদন নেওয়ার প্রয়োজন নেই